# COVID-19-এর সময়ে আর্লি চাইল্ডহুড পরিষেবার (সার্ভিসের) ধরনসমূহ

## ব্যাখ্যা এবং রিসোর্স

পরিবারবর্গ, এই ব্যস্ত শিক্ষা বছরে আপনার সন্তানকে সহায়তাদানে আপনি যে কঠোর পরিশ্রম করেছেন তার জন্য আমাদের কৃতজ্ঞতা জানাচ্ছি। অনেক পরিবার যে তাদের সন্তানের জন্য উচ্চ-মানসম্পন্ন সেবা এবং শিক্ষা খুঁজে নিতে বিভিন্ন সমস্যার মুখোমুখি হয় সে ব্যাপারে আমরা অবগত, বিশেষ করে এই বিশ্বব্যাপী সঙ্কটকালে যেটা প্রতিটি কমিউনিটি উপর অভাবনীয় এবং গভীরভাবে প্রভাব ফেলেছে।

2020-2021 স্কুল বছরের জন্য আপনি আপনার সন্তানের শিক্ষার সহায়তায় আর্লি চাইল্ডহুড পরিষেবায় যে ধরনটিই বেছে নিয়ে থাকেন না কেন - সেটা রিমোট (দূর থেকে), ব্লেন্ডেড (মিশ্র), অথবা সশরীরে উপস্থিতি যেটাই হোক, প্রয়োজনীয় রিসোর্স বা সহায়-সংস্থান আপনার আছে তা নিশ্চিত করতে আমরা এই গাইডেন্স তৈরি করেছি। আমাদের লক্ষ্য হলো আপনার সন্তানকে উচ্চ-মানসম্পন্ন এবং যত্নশীল শিক্ষকতার একটি দল প্রদান করা, সে যেখানেই পড়াশোনা করুক না কেন। COVID-19 মহামারির সময়ে প্রোগ্রামগুলি আপনার সন্তানের উন্নতির সহায়তায় যে আর্লি চাইল্ডহুড সার্ভিসের প্রধান মডেলগুলি এবং রিসোর্স প্রদান করছে সেগুলির বিবরণ নিচে দেখুন।

## বিষয়সূচি


রিমোট লার্নিং থেকে আমরা কী প্রত্যাশা করতে পারি 1

মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং থেকে আমরা কী প্রত্যাশা করতে পারি 3

সশরীরে শিক্ষা থেকে আমরা কী প্রত্যাশা করতে পারি 3

শেখার অতিরিক্ত প্রত্যাশাসমূহ 4

শেখার সম্পূরক সংস্থান বা রিসোর্সসমূহ 5


## রিমোট লার্নিং থেকে আমরা কী প্রত্যাশা করতে পারি



ছোট ছেলেমেয়েদের জন্য দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) গ্রহণকারী পরিবার, সেবা প্রদানকারী এবং ছেলেমেয়েদের ঘিরে আবর্তিত, এবং ছেলেমেয়েরা আনন্দপূর্ণ, হাসি-তামাশা, খেলাধুলা-ভিত্তিক কর্মকাণ্ডে সংযুক্ত এবং সংশ্লিষ্ট হয় যা তাদের স্বাভাবিক অনুসন্ধিৎসা গড়ে তোলে। আপনার সন্তান যদি অন্য কোনো শিক্ষা গ্রহণ মডেলে অংশগ্রহণ করে, আপনার পরিবার যেকোনো সময় দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) মডেলে চলে আসতে পারে। যেসব পরিবার রিমোট (দূর থেকে) শিক্ষা লাভ করছে তারা তাদের সন্তানের সাথে শিক্ষকের সাথে সপ্তাহে 5 দিন রিমোট লার্নিং অধিবেশনে যোগ দেয়। কিছুটা সময় আপনার সন্তানে সাথে লাইভ বা সরাসরি সম্প্রচারিত শিক্ষা-নির্দেশনা, পূর্বে-রেকর্ডকৃত লেসন, অথবা স্বনির্ভর শিক্ষার মাধ্যমে ব্যয় হতে পারে:

# COVID-19-এর সময়ে আর্লি চাইল্ডহুড পরিষেবার (সার্ভিসের) ধরনসমূহ

## ব্যাখ্যা এবং রিসোর্স

- 2-5 বছর বয়সী ছেলেমেয়েদের জন্য লাইভ বা সরাসরি সম্প্রচারিত ডিজিটাল শিক্ষা নির্দেশনায় অন্তর্ভুক্ত হতে পারে: একটি ভিডিও আলাপচারিতা (চ্যাট) যেখানে আপনার সন্তানের শিক্ষতার টিম কোনো একটি গল্প পড়তে এবং ছেলেমেয়েরা প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে, অথবা যেখানে একজন শিক্ষক একটি দিনের জন্য কেন্দ্রগুলো নির্ধারণ ঠিক করে দেন এবং ছেলেমেয়েরা খেলাধুলা-ভিত্তিক শিক্ষা গ্রহণ এবং অনুসন্ধানে সংশ্লিষ্ট হতে পারে।

- 2-5 বছর বয়সী ছেলেমেয়েদের জন্য স্বনির্ভর শিক্ষা গ্রহণে রয়েছে: আপনি ও আপনার সন্তানের জন্য পূর্বে-রেকর্ডকৃত লেসন, কর্মকাণ্ড, এবং হাতে-কলমে শিক্ষার অভিজ্ঞতা, যেগুলো আপনি ও আপনার সন্তান একসাথে অনুসন্ধান করতে পারেন। জন্ম থেকে 5 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য, এতে অন্তর্ভুক্ত হতে পারে আপনার সন্তানের সাথে বাড়িতে খেলা করা এবং কোনো গল্প পড়া।

- মনে রাখবেন, ছোট ছেলেমেয়েরা খেলা-ভিত্তিক এবং হাতে-কলমে অভিজ্ঞতার মাধ্যমে সবচেয়ে ভালভাবে শেখে। আপনার সন্তান তার রিমোট লার্নিংয়ের অংশ হিসেবে নিজে নিজে তার ওয়ার্কশিটগুলো পূরণ করবে তা প্রত্যাশা করা হয়না।

রিমোটভাবে স্কুলে যখন যোগ দেয়, আপনার সন্তান সে সময় প্রতিদিন 30 মিনিট পর্যন্ত লাইভ শিক্ষা-নির্দেশনায় সংশ্লিষ্ট হতে পারে, অথবা একটি অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে প্রি-রকর্ডেড লিসনে অংশ নিতে পারে।

- DOE প্রোগ্রামগুলিকে প্রতিদিনের লাইভ শিক্ষা-নির্দেশনার সময়সূচি অনুসরণ করতে উৎসাহিত করে যা ছেলেমেয়েদের বেড়ে ও ার সাথে সমঞ্জস্যপূর্ণ। DOE 3-K-এর জন্য 15 মিনিট পর্যন্ত সময়ের, এবং প্রি-K-এর জন্য প্রতিদিন 30 মিনিটের লাইভ শিক্ষা নির্দেশনার সুপারিশ করে। প্রোগ্রামগুলি ছেলেমেয়েদের জন্য লাইভ অধিবেশনের চেয়ে পূর্বে-রকর্ডকৃত লেসনের মাধ্যমে একই পরিমাণ দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) সময় প্রদান বেছে নিতে পারে। প্রতিদিনের সুপারিশকৃত লাইভ বা সরাসরি সম্প্রচারকৃত শিক্ষা নির্দেশনা সম্পর্কে আরও জানতে টিচিং অ্যান্ড লার্নিং পেজ -দেখুন।

*দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিংয়ে আপনার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারেন*

- এই রিমোট লার্নিং গাইডেন্স ফর ফ্যামিলিজ (পরিবারদের জন্য রিমোট লার্নিংয়ের পথ নির্দেশনা)-এ আছে দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিংয়ে আপনার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারেন সেবিষয়ে ধারণাসমূহ। অন্যান্য ভাষা জন্য, আমাদের আর্লি চাইল্ডহুড: লার্ন অ্যাট হোম (bit.ly/ECEathome) -পেইজটি দেখুন।

- সাপ্তাহিক জোড়ে-পড়ার সুপারিশ ও কর্মকাণ্ডের জন্য, আমাদের আর্লি চাইল্ডহুড: লার্ন অ্যাট হোম (bit.ly/ECEathome) -পেইজের এই সেকশনটি দেখুন।

- যেসব পরিবার দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) গ্রহণ করছে, তারা চাহিদা অনুযায়ী অবশিষ্ট সম্পূরক সেবার জন্য লার্নিং ব্রিজেস্ প্রোগ্রামের যোগ্য হতে পারে। লার্নিং ব্রিজেস 3-K থেকে অষ্টম (8) গ্রেডের শিক্ষার্থীরা যারা যে দিনগুলোতে দূর থেকে শিক্ষায় নিয়োজিত থাকবে, সে দিনগুলোতে সশরীরে ফ্রি চাইল্ড কেয়ার (শিশু তত্ত্বাবধান) প্রদান করে। জানুয়ারি 2021 পর্যন্ত, লার্নিং ব্রিজেস প্রোগ্রামগুলি লভ্য আসনগুলোতে 100% দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) শিক্ষার্থীদের এনরোল করতে পারে, যদি পরিবারদের বাড়তি পরিষেবার চাহিদা থাকে। আরও জানতে এবং আবেদন করতে schools.nyc.gov/learningbridges ওয়েবসাইট দেখুন অথবা 311 নম্বরে ফোন করুন।

# COVID-19-এর সময়ে আর্লি চাইল্ডহুড পরিষেবার (সার্ভিসের) ধরনসমূহ

## ব্যাখ্যা এবং রিসোর্স

## মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং থেকে আমরা কী প্রত্যাশা করতে পারি



ছোট ছেলেমেয়েদের জন্য মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং, শ্রেণীকক্ষ ও বাড়ির অভিজ্ঞতার মাঝে সংযোগ গড়ে তোলার মাঝে কেন্দ্রীভূত। পরিবারেরা সশরীরে উপস্থিত এবং দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) - এই দুইয়ের সমন্বয়ের মাধ্যমে সপ্তাহব্যাপী শিক্ষা নির্দেশনা লাভ করে।

যেসব দিনে আপনার সন্তান ব্যক্তিগতভাবে উপস্থিত থাকবে না, সেই দিনগুলিতে কিছু প্রোগ্রাম লাইভ শিক্ষানির্দেশনা প্রদান করতে পারে, যখন অন্যেরা প্রি-রেকর্ডেড লেসন প্রদান করতে পারে।

- লাইভ লেসনগুলির অন্তর্ভুক্ত হতে পারে ভিডিও চ্যাট যেখানে একজন শিক্ষক কোন গল্প পড়তে পারে অথবা আপনার সন্তান কোন গ্রুপ কর্মকাণ্ডে অংশ নেয়।
- পূর্বে-ধারণ করা লেসনগুলিতে থাকতে পারে হাতে-কলমের অভিজ্ঞতা যা আপনি এবং আপনার সন্তানের একসাথে অনুসন্ধান করতে হতে পারে, যেমন আর্ট প্রজেক্ট, একসাথে কিছু তৈরি করা, অথবা গল্পবলা।

*মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে কীভাবে আপনার সন্তানকে সহায়তা করতে পারেন*

- এই ব্লেন্ডেড লার্নিং গাইডেন্স ফর ফ্যামিলিজ (পরিবারদের জন্য ব্লেন্ডেড লার্নিংয়ের পথ নির্দেশনা)-এ আছে মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিংয়ে আপনার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারেন সেবিষয়ে ধারণাসমূহ। অন্যান্য ভাষা জন্য, আমাদের আর্লি চাইল্ডহুড: লার্ন অ্যাট হোম (bit.ly/ECEathome) -পেইজটি দেখুন।
- যেসকল পরিবার মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং পদ্ধতি বেছে নিয়েছে তারা লার্নিং ব্রিজেস প্রোগ্রামে অংশগ্রহণের যোগ্য। লার্নিং ব্রিজেস 3-K থেকে অষ্টম (8) গ্রেডের শিক্ষার্থীরা যারা যে দিনগুলোতে দূর থেকে শিক্ষায় নিয়োজিত থাকবে এবং বাড়তি পরিষেবা প্রয়োজন তাদের পরিবারদের, সে দিনগুলোতে সশরীরে ফ্রি চাইল্ড কেয়ার (শিশু তত্ত্বাবধান) প্রদান করে। আপনার পরিবারের যদি 5 দিন পরিষেবার চাহিদা থাকে, তবে আপনি আপনার প্রোগ্রামের এনরোলমেন্ট স্টাফ সদস্যদের সাথে মিশ্র শিক্ষা বা ব্লেন্ডেড লার্নিং পাওয়া সম্পর্কে খোঁজ নিতে পারেন। প্রোগ্রামের সাথে যোগাযোগের তথ্যের জন্য মাইস্কুলস্ দেখুন। আরও জানতে এবং আবেদন করতে schools.nyc.gov/learningbridges ওয়েবসাইট দেখুন অথবা 311 নম্বরে ফোন করুন।

## সশরীরে শিক্ষা থেকে আমরা কী প্রত্যাশা করতে পারি



ছোট ছেলেমেয়েদের জন্য সশরীরে শিক্ষা, তারা যখন খেলাধুলা, অভিজ্ঞতা, এবং ইতিবাচক সম্পর্কের মাধ্যমে শেখে তখন সেটি পরিবার এবং ছেলেমেয়েদের সহায়তা করায় কেন্দ্রীভূত। সাধারণ ক্লাসরুম দিনগুলোতে, আপনার সন্তান পুরো গ্রুপ এবং ছোট গ্রুপ কর্মকাণ্ডের মাধ্যমে, বাছাইকৃত সময়ে (চয়েস টাইম) তারা বিভিন্ন সামগ্রী অন্বেষণ করে, বাইরে খেলার সময়, বিশ্রাম, এবং খাবার সময়ে শিক্ষা লাভ করতে পারে। আপনার প্রোগ্রামের এনরোলমেন্ট স্টাফ সদস্যদের সাথে আপনার সন্তানের জন্য পূর্ণ-কালীন সশরীরে উপস্থিতির শিক্ষানির্দেশনা লভ্যতা সম্পর্কেও আপনি খোঁজ নিতে পারেন। প্রোগ্রামের সাথে যোগাযোগের তথ্যের জন্য মাইস্কুলস্ দেখুন। আপনার প্রোগ্রামে যদি সশরীরে উপস্থিতির শিক্ষা নির্দেশনা না থাকে, অন্য কী কী বিকল্প প্রোগ্রাম রয়েছে তা জানতে ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে পারেন।

# COVID-19-এর সময়ে আর্লি চাইল্ডহুড পরিষেবার (সার্ভিসের) ধরনসমূহ

## ব্যাখ্যা এবং রিসোর্স

ছেলেমেয়েদের অসুস্থতার সংক্রমণ সীমিত রাখতে সকল প্রোগ্রাম স্থানীয়, স্টেট, এবং ফেডারেল স্বাস্থ্য এবং সুরক্ষা গাইডলাইন অনুসরণ করবে বলে প্রত্যাশা করা হয়। এটা প্রোগ্রামগুলিকে সশরীরে উপস্থিত শিক্ষা গ্রহণ বন্ধ করে দেয়া আবশ্যক হতে পারে এবং কিছু সময়ের জন্য দূর থেকে শিক্ষা (রিমোট লার্নিং) গ্রহণ করা হতে পারে।

*সশরীরে শিক্ষায় আপনার সন্তানকে কীভাবে সহায়তা করতে পারেন*

- আপনার সন্তানের প্রোগ্রাম অ্যাডমিনিস্ট্রেটর এবং টিচিং টিম আপনার প্রোগ্রাম সম্পর্কিত প্রশ্নগুলির উত্তরদানে সর্বোত্তম যোগাযোগের সূত্র। আপনি প্রোগ্রাম লিডার এবং টিচিং টিমগুলিকে তাদের প্রোগ্রাম সম্পর্কে যেসব প্রশ্ন করতে পারেন সেগুলির সুপারিশকৃত একটি তালিকার জন্য nyc.gov/prek দেখুন।
- সশরীরে শিক্ষা গ্রহণের সময় কী কী প্রত্যাশা করতে পারেন সেসম্পর্কিত আরও তথ্যে জন্য আমাদের আর্লি চাইল্ডহুড লার্নিং ওয়েবসাইটটি দেখুন।
- আপনি যদি আপনার সন্তানকে কোনো আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে এনরোল করা সম্পর্কে আরও জানতে চান, তবে আমাদের এনরোলমেন্ট পেজগুলি: প্রি-K ফর অল, 3-K ফর অল, এবং আর্লিলার্ন দেখুন। 2021-22 শিক্ষা বছরের জন্য 3-K এবং প্রি-K ফর অল আবেদন শুরু হবে 24 ফেব্রুয়ারি, 2021 ।
- আপনার সন্তানের চাহিদা পূরণ করে এমন বিভিন্ন প্রোগ্রামের মানের সম্পর্কে আরও জানতে মাইস্কুলস্ অ্যাকাউন্ট-এর মাধ্যমে, আপনি প্রি-K কোয়ালিটি স্ন্যাপশট অনুসন্ধান করতে পারেন।

## শেখার অতিরিক্ত প্রত্যাশাসমূহ

- ছেলেমেয়ে অব্যাহতভাবে সকল বিষয়ে তাদের বাড়ির ভাষায় সহায়তা লাভ করবে, এবং সেটি যেকোনো মডেলের পরিষেবাই হোক না কেন। ডুয়েল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামগুলির শিক্ষার্থীরা তাদের লক্ষ্য-স্থিরকৃত ভাষা এবং ইংরেজি - উভয় ভাষায় শিক্ষানির্দেশনা লাভ অব্যাহত রাখবে।
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা অব্যাহতভাবে তাদের ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEPs)-এ বর্ণিত পরিষেবা লাভ করবে, এতে অন্তর্ভুক্ত সম্পর্কিত পরিষেবা (যেমন, স্পিচ ও অক্যুপেশনাল থেরপি) এবং স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট ইনস্ট্রাকশন (SEIT) পরিষেবা। এই পরিষেবাগুলি ঐসব ছেলেমেয়ে যারা রিমোট লার্নিং বেছে নিয়েছে তাদেরকে ভার্চ্যুয়ালভাবে প্রদান করা যাবে, অথবা আপনার সন্তানের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে সশরীরে উপস্থিতির মাধ্যমেও দেয়া যেতে পারে।
- COVID-এর মতো লক্ষণের কারণে আপনার সন্তানকে যদি কোয়ারেনটাইন বা বাড়িতে থাকতে হয়, আপনি আপনার সন্তানের প্রোগ্রামের সাথে যোগাযোগ করে আপনি এবং আপনার সন্তান কীভাবে রিমোট লার্নিংয়ে অংশ নিতে হবে সেটি বুঝে নিতে পারেন। আপনার সন্তানের প্রোগ্রাম যেসব সতর্কতার ব্যবস্থা করেছে সেগুলি সম্পর্কে আরও জানতে আপনি ফ্যামিল হেলথ্ অ্যান্ড সেফটি গাইডেন্স (পরিবারের স্বাস্থ্য ও সুরক্ষার পথ নির্দেশনা) দেখুন।

# COVID-19-এর সময়ে আর্লি চাইল্ডহুড পরিষেবার (সার্ভিসের) ধরনসমূহ

## ব্যাখ্যা এবং রিসোর্স

| শেখার সম্পূরক সংস্থান বা রিসোর্সসমূহ | |
|---|---|
|  আপনার সন্তানের উন্নয়ন অগ্রসর করতে মজাদার ফ্যাক্ট এবং সহজ পরামর্শ পেতে Ready4K-তে সাইন আপ করুন। এই ফ্রি টেক্সট-ভিত্তিক প্ল্যাটফর্মটি আপনার পরিবার বিনা খরচে ব্যবহার করতে পারে। আপনি হয় **70138 নম্বরে NYC টেক্সট করুন অথবা** এখানে সাইন আপ করুন (nyc.ready4k.com) এবং আপনার বিদ্যমান পারিবারিক নিয়মাবলী বা রুটিনের উপর গড়ে তুলুন! |  শিক্ষামূলক টেলিভিশন প্রোগ্রাম লেটস্ লার্ন! পরখ করে দেখুন। এই শো-তে 3-K থেকে দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীদের জন্য বয়স-উপযোগী লেসন দেখানো হয়। সাপ্তাহিক দিনগুলিতে ধারাবাহিকগুলি সকাল 11:00 am চ্যানেল 13 WNET এবং চ্যানেল 21 WLIW- সকাল 9:00 am দেখানো হয়, অথবা আপনি এখানে অনলাইনে স্ট্রিম করে ধারাবাহিকগুলি (letslearn.org) দেখতে পারেন। |
| NYC Department of Education<br>আপনার পরিবার DOE-এর বিভিন্ন সিটিব্যাপী দৈনিক খাবার বিতরণের স্থানগুলো থেকে খাবার সংগ্রহ করতে পারে। খাবার এবং স্থানগুলো সম্পর্কিত আরও তথ্যের জন্য, কমিউনিটি মিলস্ পেজটি দেখুন। | Growing Up NYC<br>গ্রোয়িং আপ NYC সাইটে আর্লি চাইল্ডহুড ফ্যামিলি রিসোর্স টুলকিট অনুসন্ধান করুন। |

# COVID-19-এর সময়ে আর্লি চাইল্ডহুড পরিষেবার (সার্ভিসের) ধরনসমূহ

## ব্যাখ্যা এবং রিসোর্স

| | |
|---|---|
|  মহামারী বিষয়ক রিসোর্স সম্পর্কিত সহায়তার জন্য, আপনি নিউ ইয়র্কার COVID-19 রিসোর্স গাইড দেখতে পারেন। |  DOE-ইস্যুকৃত আইপ্যাড/ডিভাইসসমূহ, অ্যাপ্লিকেশন অ্যাকসেস, অথবা অন্যান্য টেকনিক্যাল সমস্যাগুলো সম্পর্কে আমাদের জানাতে এই ফর্মটি পূরণ করুন। |

**যদি আপনার সন্তানের পরিষেবায় পেতে কোনো সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।**